

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫৯০

কাঞ্চনপুর, ৮ নভেম্বর, ২০২৩

কাঞ্চনপুর মহকুমায় মৎস্যচাষে সহায়তা

মৎস্য দপ্তরের বার্ষিক পরিকল্পনায় কাঞ্চনপুর মহকুমায় ৪৪টি মৎস্যজীবী পরিবারকে মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে সুবিধাভোগী পরিবারগুলিকে ৫০০টি করে মাছের পোনা ও মাছচাষে সহায়ক সামগ্রী দেওয়া হয়েছে। এতে মহকুমার দশদা ব্লকের ২০টি, লালজুরি ব্লকের ১৩টি ও জম্পুইহিল ব্লকের ৭টি মৎস্যজীবী পরিবার উপকৃত হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১ লক্ষ টাকা। মহকুমা মৎস্য তত্ত্বাবধায়ক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*